

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ৫. ৩. বাংলা ভাষায় বাইবেল ও অনুবাদের হেরফের

পলাশির যুদ্ধে ইস্ট ইন্ডিয়া কোম্পানির বিজয়ের পরে ইংল্যান্ডের প্রটেস্ট্যান্ট খ্রিষ্টানরা বাংলায় খ্রিষ্টধর্ম প্রচারের জন্য মিশনারি প্রেরণের সিদ্ধান্ত নেন। প্রসিদ্ধ ব্যাপটিস্ট খ্রিষ্টান মিশনারি William Carey: উইলিয়াম কেরি (১৭৬১-১৮৩৪) সর্বপ্রথম ১৮০৯ খ্রিষ্টাব্দে বাংলাভাষায় পূর্ণ বাইবেলের অনুবাদ প্রকাশ করেন। পরবর্তী সময়ে ভারতে ও বাংলাদেশে বাংলা বাইবেলের বিভিন্ন সংস্করণ প্রকাশিত হয়েছে।

কাফিরদের-অর্থাৎ খ্রিষ্টধর্ম ছাড়া অন্য সকল ধর্মের মানুষদের- খ্রিষ্টধর্মে ধর্মান্তরের চেতনা থেকেই বাংলা ও অন্যান্য ভাষায় বাইবেল অনুবাদ করা হয়। উইলিয়াম কেরি এ প্রসঙ্গে একটা পুস্তক রচনা করেন। পুস্তকটার নাম: (An Enquiry into the Obligations of Christians to Use Means for the Conversion of the Heathens) 'কাফিরদের ধর্মান্তর করার জন্য উপকরণাদির ব্যবহার বিষয়ে খ্রিষ্টানদের দায়বদ্ধতা-বাধ্যবাধকতা সম্পর্কে এক অনুসন্ধান।"[1] ধর্মান্তরের এ উদ্দেশ্যের কারণেই সম্ভবত এ সকল অনুবাদে আমরা বিভিন্ন প্রকারের অস্পষ্টতা, পরিবর্তন, সংযোজন বা বিয়োজন দেখতে পাই। এখানে সামান্য কয়েকটা উদাহরণ পেশ করছি:

ফুটনোট

[1] উইকিপিডিয়ায় 'উইলিয়াম কেরি' (William Carey) প্রবন্ধটা দেখুন।

𝚱 Source — https://www.hadithbd.com/books/link/?id=13838

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন